# স্বাধীণ স্বদেশ

**-সাধন সরকার**

এই নির্জন নদী তির
দিনান্তের স্তিমিত আলোক
অঘ্রাণের মাঠ, চেনা অচেনা পাখিদের ফিরে আসা নীড়ে
কাকের কর্কশ ডাক।
কৃচিত দু একটা বেয়ে যাওয়া ডিঙি
শুশুকের উল্লম্ফন
লাগে বেশ, বৈরাগী মন নিয়ে বসে বসে দেখা।
ওপারে কোলাহল ?
আসে ক্ষীণ হতে ক্ষীণতর হয়ে।
এতদিনের সাধনার ফসল, আলো হয়ে জ্বলে।
রাস্তায়, ঘরে, যত্র, তত্র।
চাঁদ আজ উঠবেনা
না উঠুক– ক্ষতি নেই শহরের।
বিজ্ঞান পন্য হয়ে বেশ্যা বৃত্তি করে।
শহরের রাজপথ, অপ্রশস্ত গলি, ফুটপাত
কোটি চরণ স্পর্শে ধন্য হয়।
পরিবেশ মন গড়ে
হয়না দৃষ্টি চোখে
ধায় মানুষ প্রতিদিন।
মাংস টুকরো টুকরো হওয়ায় আনন্দ আছে বহু।
রক্ত ? সে তো ঝরবেই
উদ্বেগ নেই কারো
মানুষ মরে মরুক
ধনের প্রাসাদ তবু গড়ো।
এই আমি, এই তুমি এই পরিবেশ
এই আমার স্বাধীন স্বদেশ।।

---**---